জনগণের কল্যাণে যা যা করা প্রয়োজন তাই করবো : আজাদ

নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জ-২ (আড়াইহাজার) আসনের সংসদ সদস্য নজরুল ইসলাম আজাদ বলেছেন, আমি আড়াইহাজারের জনগণের কল্যাণে যা যা করা প্রয়োজন আমি সে কাজই করব।
মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুরে ইজিপিপি প্রকল্পের আওতায় রামচন্দ্রী খাল পুনর্খনন কাজের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।
নজরুল ইসলাম আজাদ বলেন, নারায়ণগঞ্জ জেলার খাল খনন কর্মসূচি সর্বপ্রথম আড়াইহাজার থেকেই শুরু হয়েছে। খাল দিয়ে যদি পানি চলাচল করে তাহলে উপকার হবে, জলাবদ্ধতা দূর হবে, সেচের জন্য ভালো হবে, কৃষি কাজের জন্য ভালো হবে। মানুষের উপকারের কথা চিন্তা করেই জনগণের প্রধানমন্ত্রী তারেক রহমান এ খাল খনন কর্মসূচি হাতে নিয়েছেন।
তিনি আরও বলেন, প্রধানমন্ত্রীর খাল খনন কর্মসূচির আওতায় আজকে আড়াইহাজারের রামচন্দ্রী খাল খনন উদ্বোদন করেছি। আমরা আশা করি, আমাদের আড়াইহাজারে আরও যেসব খাল বন্ধ হয়ে গেছে, সেগুলোকে খনন করে সচল এবং আগের রূপে ফিরিয়ে আনব।
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- নারায়ণগঞ্জের জেলা প্রশাসক মো. রায়হান কবির, পুলিশ সুপার মোহাম্মদ মিজানুর রহমান মুন্সী ও সহকারী কমিশনার (ভূমি) মুস্তাফিজুর রহমান ইমন।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন- আড়াইহাজার উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আসাদুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা পবিত্রচন্দ্র মন্ডল ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা।

ডিসি সারওয়ার আলমসহ তিন কর্মকর্তাকে শোকজ

সিলেট প্রতিনিধি

সিলেটের জেলা প্রশাসক মো. সারওয়ার আলম। ছবি : সংগৃহীত
সিলেটের কালেক্টরেট মসজিদ মার্কেটের দোকান উচ্ছেদ ও তালাবদ্ধ করার ঘটনায় আদালতের আদেশ অমান্যের অভিযোগে জেলা প্রশাসক মো. সারওয়ার আলমসহ তিন কর্মকর্তাকে কারণ দর্শানোর (শোকজ) নির্দেশ দিয়েছেন উচ্চ আদালত।
সোমবার (২৭ এপ্রিল) বিচারপতি ফাহমিদা কাদের ও বিচারপতি মো. আশিক হাসানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ শুনানি শেষে এ আদেশ দেন।
বিষয়টি কালবেলাকে নিশ্চিত করেছেন কালেক্টরেট মসজিদ মার্কেটের দোকান মালিক জামিল আহমেদ তাপাদার।
মামলা সূত্রে জানা যায়, গত ১০ মার্চ কালেক্টরেট মসজিদ ট্রাস্টের পক্ষ থেকে একটি নোটিশে জানানো হয়, ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী মার্কেটের বিদ্যমান ভাড়াটিয়াদের সঙ্গে চুক্তি বাতিল করা হয়েছে এবং তিন দিনের মধ্যে দোকান খালি করে দিতে হবে।
এ নোটিশের বিরুদ্ধে ব্যবসায়ীরা হাইকোর্টে রিট দায়ের করলে ১২ মার্চ আদালত দুই মাসের জন্য স্থিতাবস্থা বজায় রাখার নির্দেশ দেন। পাশাপাশি পৃথক আরও দুটি রিটের প্রেক্ষিতে উচ্ছেদ নোটিশের কার্যকারিতা তিন মাসের জন্য স্থগিত করা হয়।
অভিযোগ রয়েছে, আদালতের এ নির্দেশ উপেক্ষা করে গত ২৬ মার্চ রাতে জেলা প্রশাসনের উদ্যোগে মার্কেটের দোকানগুলো তালাবদ্ধ করে সিলগালা করা হয়।
এ ঘটনায় ক্ষুব্ধ হয়ে দোকান মালিকরা গত ১ এপ্রিল তাদের আইনজীবীর মাধ্যমে আদালত অবমাননার নোটিশ প্রদান করেন। তবে জেলা প্রশাসনের পক্ষ থেকে কোনো পদক্ষেপ না নেওয়ায় তারা আদালতে আবেদন করেন।
সোমবার বিষয়টি হাইকোর্টের কার্যতালিকায় উঠলে শুনানি শেষে আদালত সিলেটের জেলা প্রশাসক মো. সারওয়ার আলম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাঈদা পারভীন এবং নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি) কিশোর কুমার পালকে কারণ দর্শাতে নির্দেশ দেন।
আদালতের নোটিশে বলা হয়েছে, কেন তাদের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে ব্যবস্থা নেওয়া হবে না তা নির্দিষ্ট সময়ের মধ্যে ব্যাখ্যা দিতে হবে।
কালেক্টরেট মসজিদ মার্কেটের দোকান মালিক জামিল আহমেদ তাপাদার বলেন, আদালতের পূর্বের আদেশ বাস্তবায়নের দাবিতে তারা আদালতের শরণাপন্ন হয়েছেন। একইসঙ্গে দোকানগুলোর দখল পুনর্বহালের আবেদনও করেছেন তারা। সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাঈদা পারভীন কালবেলাকে বলেন, কারণ দর্শানোর নির্দেশ দিয়েছেন উচ্চ আদালত এটা আমার জানা নেই। খবর নিয়ে দেখতে হবে কি কারণে আদালত শোকজ করেছেন।
এ বিষয়ে জানতে সিলেটের জেলা প্রশাসক মো. সারওয়ার আলমকে ফোন দিলে সেটি রিসিভ হয়নি।

হারিয়েছে

আমি নিম্নস্বাক্ষরকারী খিতিশ (৪৮), পিতা: শ্যামল চন্দ্র সরকার, মাতা: জয়মালা, জাতীয় পরিচয় পত্র নং: ৬৪৪৩৪২৯৭৯৭ ঠিকানা (স্থায়ী)-এ ৯৬, গ্রাম কালামপুর, থানা- কালিয়াকৈর, জেলা -গাজীপুর। আমার ছেলের ডকুমেন্ট হারিয়েছে। নিম্নে আমার ছেলের ডকুমেন্ট এর বিবরণ: নম্বরপত্র (মার্কশীট), সার্টিফিকেট ও রেজিস্ট্রেশন কার্ড, এডমিট কার্ড (প্রবেশ পত্র)। যাহার নামঃ দীপ সরকার, রেজিস্ট্রেশন নং - ২২১০৫১৯০৬৫, শিক্ষাবর্ষ-২০২৩-২০২৪, প্রতিষ্ঠানের নাম: খালপাড় পল্লীমঙ্গল উচ্চ বিদ্যালয়, শ্রেণী - এসএসসি, বিভাগ/গ্রুপ - বিজনেস স্টাডিজ। এ বিষয়ে কালিয়াকৈর থানায় একটি সাধারণ ডায়েরী করা হয়েছে যাহার জিডি নং -২০০৬, তারিখ - ২৬.০৪.২৬ ইং, মোবাইল নম্বর - ০১৭০৬৫৮১৫৩১

১৫ মে’র মধ্যে সিডিএ’র খাল সংস্কার কাজ শেষ হবে : চসিক মেয়র

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম নগরীর জলাবদ্ধতা নিরসনে চলমান উন্নয়ন কাজের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের (চসিক) মেয়র ডা. শাহাদাত হোসেন।
মঙ্গলবার (২৮ এপ্রিল) সকালে তিনি মুরাদপুর, কাতালগঞ্জ ও প্রবর্তক মোড়সহ বিভিন্ন এলাকায় সাময়িক জলাবদ্ধতা পরিস্থিতি ঘুরে দেখেন।
পরিদর্শনকালে মেয়র স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলেন এবং চলমান খাল সংস্কার কাজের অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট প্রকৌশলীদের কাছ থেকে অবহিত হন। ডা. শাহাদাত হোসেন বলেন, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপ (সিডিএ) এর আওতাধীন খাল সংস্কার কার্যক্রম বর্তমানে চলমান রয়েছে। বিশেষ করে হিজরা খাল ও জামালখান খালের সংস্কার কাজ চলমান থাকায় কিছু এলাকায় সাময়িকভাবে পানি নিষ্কাশনে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে, যার ফলে বিভিন্ন স্থানে জলাবদ্ধতা দেখা দিচ্ছে।
তিনি আরও বলেন, এসব উন্নয়ন কাজ চলমান থাকার কারণে সাময়িক দুর্ভোগ তৈরি হলেও এটি দীর্ঘমেয়াদে নগরীর জলাবদ্ধতা নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।
মেয়র বলেন, আগামী ১৫ মে’র মধ্যে সিডিএ’র খাল সংস্কার কাজ সম্পূর্ণ শেষ হবে বলে আশা করা হচ্ছে। কাজ শেষ হলে নগরীর পানি নিষ্কাশন ব্যবস্থায় বড় ধরনের উন্নতি ঘটবে এবং জলাবদ্ধতা উল্লেখযোগ্যভাবে কমে আসবে।
তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, চলমান বর্ষা মৌসুমেই নগরীর প্রায় ৭০ থেকে ৮০ শতাংশ জলাবদ্ধতা নিরসন সম্ভব হবে। এ জন্য সংশ্লিষ্ট সব সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়েছে। পরিদর্শনকালে চসিকের উর্ধ্বতন কর্মকর্তারা ও প্রকৌশল বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

১ ঘণ্টার বৃষ্টিতে ডুবলো কুসিকের অলিগলি

নিজস্ব প্রতিনিধি

মাত্র সোয়া এক ঘণ্টার বৃষ্টিতে কুমিল্লা সিটি কপোরেশনের প্রধান সড়কসহ অধিকাংশ সড়ক ও অলিগলি ডুবে গেছে। পানি ঢুকে পড়েছে বাসা-বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে। এতে জনজীবনে দুর্ভোগ বেড়েছে। দীর্ঘদিনের চিহ্নিত সমস্যা সমাধান না হওয়ায় ক্ষুব্ধ নগরবাসী। সিটি করপোরেশন কর্তৃপক্ষ বলছেন, স্থায়ীভাবে সমস্যা সমাধানে বৃহৎ পরিকল্পনা করা হয়েছে। কুমিল্লা আবহাওয়া অফিস সূত্রমতে, গতকাল মঙ্গলবার সকাল ১০টা থেকে সোয়া ১১ পর্যন্ত ১০২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। সরেজমিন সিটি করপোরেশনের বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, নগরীর প্রধান সড়ক লাকসাম রোড, জেলা স্কুল রোড, রেসকোর্স, বিসিক শিল্পনগরী, কুমিল্লা নগর ভবনের সমনের সড়ক, ঈদগাহ এলাকা, ছাতিপট্টি, চর্থা, কান্দিরপাড়-রাণীর বাজার সড়ক, ঠাকুরপাড়া-অশোকতলা, ছায়া বিতান ও শুভপুরসহ নগরীর নিচু এলাকাগুলোতে জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে। এতে নগরজুড়ে দুর্ভোগ বেড়েছে কয়েক গুণ। জলমগ্ন সড়কে দুর্ভোগে পড়া বাসিন্দারা কুমিল্লা সিটি করপোরেশনকে উদ্দেশ করে ক্ষোভ প্রকাশ করেছেন। আজমদ সিফাত উল্লাহ জায়িম এক বাসিন্দা বলেন, কুমিল্লা নগরীর জলাবদ্ধতা সমস্যা সিটি করপোরেশন প্রতিষ্ঠার বহু আগ থেকে। দুঃখের বিষয় হলো সিটি করপোরেশন প্রতিষ্ঠার প্রায় ১৫ বছর পেরিয়ে গেলেও এখনো চিহ্নিত সমস্যা সমাধান করা যায়নি। সামান্য বৃষ্টি হলেই সড়কগুলো তলিয়ে যায়। শাহ নেওয়াজ নামের এক ব্যবসায়ী বলেন, অপরিকল্পিত দালান-কোঠা নির্মাণ আর পরিকল্পিত ড্রেনেজ ব্যবস্থা না থাকায় সামান্য বৃষ্টি হলেই নগরীতে প্রধান সড়কসহ অলিগলি ডুবে যায় এবং পানি ঢুকে পড়ে ব্যবসা প্রতিষ্ঠান ও বাসা-বাড়িতে। সিটি করপোরেশন এলাকায় এটি কোনোভাবেই মেনে নেওয়া যায় না। রিকশাচালক তাইজুল বলেন, কুমিল্লার মতো এমন আজব শহর কোথাও দেখিনি।

সারাদেশে জাতীয় আইনগত সহায়তা দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

‘সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতিবারের ন্যায় এ বছরও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সারাদেশে পালিত হয়েছে জাতীয় আইনগত সহায়তা দিবস।
চট্টগ্রাম: ‘সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে প্রতিবারের ন্যায় এ বছরও উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে চট্টগ্রামে পালিত হয়েছে জাতীয় আইনগত সহায়তা দিবস। গতকাল দিবসটি উপলক্ষ্যে জেলা জজ আদালত প্রাঙ্গণে জেলা লিগ্যাল এইড কমিটির আয়োজনে বর্ণাঢ্য র‍্যালি, লিগ্যাল এইড মেলা ও আলোচনা সভার আয়োজন করা হয়।
বিভাগীয় কমিশনার ড. মো. জিয়াউদ্দীন, জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞাসহ সরকারি বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তা, বিজ্ঞ বিচারকমন্ডলি, সাংবাদিক, উপকারভোগী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ র‍্যালিতে অংশ নেন।
জেলা লিগ্যাল এইড কমিটির সভাপতি এবং জেলা ও দায়রা জজ (ভারপ্রাপ্ত) মুহাম্মদ আব্দুল হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান

গতকাল মঙ্গলবার সকাল ৯টায় জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণ জেলা আইনজীবী সমিতি মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় -আমার বার্তা

অতিথির বক্তব্য রাখেন মহানগর দায়রা জজ মো. হাসানুল ইসলাম।
তিনি বলেন, আইনগত সহায়তা কার্যক্রমকে আরো কার্যকর ও জনগণের দোরগোড়ায় পৌঁছে দিতে সরকার বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। এর অংশ হিসেবে কিছু ক্ষেত্রে আইন সংশোধনের মাধ্যমে প্রি-কেস মিডিয়েশন ব্যবস্থা বাধ্যতামূলক করার উদ্যোগ নেওয়া হয়েছে।
যদিও তা এখনো চট্টগ্রামে সম্পূর্ণরূপে চালু হয়নি। একইসঙ্গে, অনলাইন কার্যক্রম পরিচালনা এবং সরেজমিনে তদারকির মাধ্যমে বিচারপ্রার্থীরা যাতে দ্রুত ও কার্যকর ফলাফল পায়, সে লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।
তিনি আরো বলেন, আইনগত সহায়তা কার্যক্রমে জনগণের অংশগ্রহণ ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সহজীকৃত হেল্পলাইন নম্বর ১৬৬৯৯ চালু করা হয়েছে, যা পূর্বের তুলনায় আরো ব্যবহার বান্ধব। এ নম্বরটি সর্বস্তরের মানুষের কাছে পৌঁছে দিতে তিনি সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের নোটিস বোর্ডে তা প্রদর্শনের আহ্বান জানান।
পাশাপাশি, জরুরি সেবা নম্বর ৯৯৯-এর মতোই ১৬৬৯৯ নম্বরটি যেন মানুষের মুখে মুখে ছড়িয়ে পড়ে, সে বিষয়ে তিনি সবার সহযোগিতা কামনা করেন।
সভায় ২০২৫ সালের লিগ্যাল এইডের কার্যক্রমের ওপর একটি প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। পরে কয়েকজন উপকারভোগী প্রাপ্ত সেবার বিষয়ে মতামত তুলে ধরেন।
আলোচনা সভায় আরো বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ কমিশনার হোসাইন মোহাম্মদ কবির ভূঁইয়া, চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এ জি এম মনিরুল হাসান সরকার, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. সোহাগ তালুকদার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সৈয়দ মাহবুবুল হক, ডিসি প্রসিকিউশন হাছানুল্লাহ চৌধুরী, আইনজীবী সমিতির সভাপতি আব্দুস সাত্তার প্রমুখ।
এছাড়া সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, উপকারভোগী, সাধারণ নাগরিকসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।
বরিশাল: ‘সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ’-এ প্রতিপাদ্যে সারাদেশের ন্যায় বরিশালেও জাতীয় আইনগত সহায়তা দিবস-২০২৬ উদযাপন করা হয়েছে।
জেলা লিগ্যাল এইড কমিটির উদ্যোগে গতকাল মঙ্গলবার সকাল ৯টায় জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা আইনজীবী সমিতি মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সিনিয়র জেলা ও দায়রা জজ এবং জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান শেখ ফারুক হোসেন এ সভায় সভাপতিত্ব করেন।
লিগ্যাল এইডের ভূমিকার ওপর গুরুত্বারোপ করে লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান বলেন, সরকার আর্থিকভাবে অসচ্ছল, সহায়-সম্বলহীন এবং নানাবিধ আর্থ-সামাজিক কারণে বিচার পেতে অসমর্থ বিচারপ্রার্থীদের সরকারি খরচে আইনগত সহায়তা প্রদান করার জন্য জাতীয় আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ পাস করে।
লিগ্যাল এইডের কার্যক্রমকে আরো গতিশীল করার জন্য ইতোমধ্যে দেশের ৬৪ জেলায় জেলা ও দায়রা জজের নেতৃত্বে জেলা লিগ্যাল এইড কমিটি গঠন করা হয়েছে।
তিনি বলেন, প্রত্যেক জেলা জজ আদালত প্রাঙ্গণে জেলা লিগ্যাল এইড অফিস স্থাপন করা হয়েছে। এসময় তিনি আইনগত সহায়তা প্রদানের ক্ষেত্রে সরকারের পাশাপাশি লিগ্যাল এইডের সাথে সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানান।
সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, বরিশাল নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের সিনিয়র জেলা ও দায়রা জজ মো.রকিবুল ইসলাম, জেলা প্রশাসক মো.খায়রুল আলম সুমন, চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো.জাহিদুল আজাদ, চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো.জহির উদ্দিন, পুলিশ সুপার এ. জেড. এম মোস্তাফিজুর রহমান, সিভিল সার্জন ডা. এস এম মনজুর-এ-এলাহী, অতিরিক্ত উপ পুলিশ কমিশনার পলাশ কান্তি নাথ, জেলা আইনজীবী সমিতির সভাপতিএ্যাড. আবুল কালাম আজাদ ও জেলা লিগ্যাল এইড অফিসার এমদাদুল হক।
এসময় বিচারক, আইনজীবী, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, সুবিধাভোগীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।
রাজশাহী: ‘সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে রাজশাহীতে নানা কর্মসূচির মধ্য দিয়ে জাতীয় আইনগত সহায়তা দিবস উদযাপন করা হয়েছে।
গতকাল সকালে রাজশাহী জেলা ও দায়রা জজ আদালত চত্বরে বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করেন জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ এএইচএম মাহমুদুর রহমান। পরে সেখান থেকে বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়।
র‍্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর প্রদক্ষিণ করে জেলা ও দায়রা জজ আদালত চত্বরে গিয়ে শেষ হয়।
র‍্যালি শেষে একই স্থানে জেলা লিগ্যাল এইড কমিটি আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও লিগ্যাল এইড মেলার উদ্বোধন করেন সিনিয়র জেলা ও দায়রা জজ এএইচএম মাহমুদুর রহমান।
এছাড়া, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সম্মেলন কক্ষে বিশেষ দিনটি উপলক্ষ্যে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
সিনিয়র জেলা ও দায়রা জজ এএইচএম মাহমুদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেনড় বিভাগীয় কমিশনার ড. আ ন ম বজলুর রশীদ, রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, মানবপাচার অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক শেখ নাজমুল ইসলাম, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. আব্দুল মালেক, চিফ ম্যাট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাসুদুল হকসহ জেলা লিগ্যাল এইড কমিটির সদস্যবৃন্দ।
অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা লিগ্যাল এইড অফিসার মো. শরিফুল ইসলাম খান।
সভাপতির বক্তব্যে সিনিয়র জেলা ও দায়রা জজ বলেন, গত এক বছরে লিগ্যাল এইডের আওতায় বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে প্রায় ১ কোটি ১২ লাখ টাকা আদায় করে অসহায়, গরিব ও নিঃস্ব বিচার প্রার্থীদের বুঝিয়ে দেওয়া হয়েছে, যা আমাদের অনেক বড় অর্জন।
তিনি লিগ্যাল এইড সেবার জন্য প্রদত্ত সরকারি খরচকে অপ্রতুল উল্লেখ করে যেসব আইনজীবী এ সেবা দিয়ে যাচ্ছেন, তাদের ধন্যবাদ জানান এবং এটা অব্যাহত রাখতে তাদের প্রতি আহ্বান জানান।
বিভাগীয় কমিশনার ড. আ ন ম বজলুর রশীদ বলেন, রাষ্ট্রের অনেক গুরুত্বপূর্ণ কাজের মধ্যে লিগ্যাল এইড একটি। মানুষের একটি ভুল ধারণা আছে যে, পুলিশ বা আইনজীবীদের কাছে গেলে মামলাটি দীর্ঘায়িত হবে, ন্যায়বিচার পাব না। এই অনাস্থা দূর করতে হবে।
অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিচারকবৃন্দ, আইনজীবী, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, এনজিও প্রতিনিধি, উপকারভোগী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।
অনুষ্ঠান শেষে সেরা প্যানেল আইনজীবীদের হাতে ক্রেস্ট ও চেক তুলে দেওয়া হয়।
উল্লেখ্য, রাজশাহী জেলা লিগ্যাল এইড অফিসে ২০২৫ সালে প্রাপ্ত ৭০১টি বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদনের মধ্যে ৬২১টি নিষ্পত্তি করা হয়েছে।
এর মাধ্যমে ১ কোটি ১১ লাখ ৮৬ হাজার ১১৬ টাকা আদায় করে বিচারপ্রার্থীদের অনুকূলে বুঝিয়ে দেওয়া হয়েছে। এসময় মোট ১ হাজার ৯১৯ জনকে আইনগত পরামর্শ প্রদান করা হয়েছে।
এ সময়ে মামলা হয়েছে ১ হাজার ৩৫টি এবং নিষ্পত্তিকৃত মামলা ৩৫৪টি।

গুলশানে বিদেশি নাগরিকের রহস্যজনক মৃত্যু

নিজস্ব প্রতিনিধি

রাজধানীর গুলশানে শামীম সালিম কাসিম (৬৭) নামে এক ভারতীয় নারীর রহস্যজনক মৃত্যু হয়েছে। তার শরীরের বিভিন্ন অংশে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। আজ মঙ্গলবার সকালে তাকে মৃত অবস্থায় হাসপাতালে নেওয়া হয়।
পুলিশ ও হাসপাতাল সূত্র জানায়, সকাল ৯টা ৪২ মিনিটে শামীম সালিম কাসিমকে ইউনাইটেড হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হলে চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে মৃত ঘোষণা করেন। হাসপাতালের মেডিকেল সার্টিফিকেটে মৃত্যুর পর তাকে হাসপাতালে নেওয়া হয় বলে উল্লেখ করা হয়েছে। এছাড়া মরদেহের মুখে আঘাতের চিহ্নের কথা বলা হয়েছে। বিশেষ করে মুখে কালচে-বেগুনি দাগ ও ফোলাভাব এবং চোখের চারপাশে রক্তজমাটের মতো চিহ্ন পাওয়া গেছে।
পুলিশ জানিয়েছে, ওই নারীকে পিটিয়ে হত্যার অভিযোগ পাওয়া গেছে। মৃত্যুর প্রকৃত কারণ নিশ্চিত হতে ময়নাতদন্তের প্রতিবেদন অপেক্ষা করা হচ্ছে। একই সঙ্গে ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্তে তদন্ত শুরু হয়েছে।
গুলশান থানার পরিদর্শক (তদন্ত) মোখলেসুর রহমান বলেন, ‘আমরা শুনেছি একজন বিদেশিকে পিটিয়ে হত্যা করা হয়েছে। তবে প্রকৃতপক্ষে কীভাবে মারা গেছে সে বিষয়ে এখনই নিশ্চিত করে বলতে পারছি না। তদন্তে বিস্তারিত জানা যাবে।’

ডেমরায় বাস-লেগুনা মুখোমুখি সংঘর্ষে নিহত ১

নিজস্ব প্রতিনিধি

রাজধানীর ডেমরায় বাস-লেগুনার মুখোমুখি সংঘর্ষে জাহাঙ্গীর আলম (৫৫) নামে এক যাত্রী নিহত এবং একজন আহত হয়েছেন। সোমবার রাত ১০টার দিকে ডেমরা ব্রিজের কাছে লেগুনা ও বাসের মধ্যে এ সংঘর্ষের ঘটনা ঘটে।
নিহত জাহাঙ্গীর নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার মৈকুলি গ্রামের নিজাম উদ্দিনের ছেলে এবং আহতের পরিচয় তৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, একটি লেগুনা যাত্রাবাড়ী থেকে রূপগঞ্জের বরাপা যাচ্ছিল।
এ সময় বিপরীত দিক থেকে আসা একটি বাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে একজন নিহত ও একজন গুরুতর আহত হন। এ ছাড়া লেগুনায় থাকা অন্যান্য যাত্রীও আহত হন। দুর্ঘটনার পর গুরুতর আহত দুজনকে ঢামেক হাসপাতালে নেওয়া হলে জাহাঙ্গীর আলমকে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন এবং আরেকজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় ওয়ান স্টপ ইমারজেন্সি সেন্টার (ওসেক) রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।
এ বিষয়ে ঢামেক হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. ফারুক বলেন, ‘নিহতের মরদেহটি ঢামেক হাসপাতাল মর্গে রাখা হয়েছে। আহত এক ব্যক্তি চিকিৎসাধীন রয়েছেন। বিষয়টি সংশ্লিষ্ট থানায় অবগত করা হয়েছে।’

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের কার্যনির্বাহী কমিটির ১৫তম সভা

নিজস্ব প্রতিনিধি

প্রধানমন্ত্রীর কার্যালয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ)-এর কার্যনির্বাহী কমিটির ১৫তম সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব এ বি এম আব্দুস সাত্তার।
শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র জনাব মাহদী আমিন সভায় সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
সভায় এনএসডিএ-এর নির্বাহী চেয়ারম্যান (সচিব) ও কার্যনির্বাহী কমিটির সদস্য-সচিব ড. নাজনীন কাউসার চৌধুরী জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের চলমান কার্যক্রম, এর বাস্তবায়ন অগ্রগতি এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব, দপ্তর ও সংস্থার প্রধানগণসহ বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা সভায় অংশগ্রহণ করেন।
সভায় দক্ষতা উন্নয়ন কার্যক্রমে জাতীয় পর্যায়ে সমন্বয় জোরদার, প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিতকরণ এবং আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ দক্ষ জনশক্তি তৈরির ওপর গুরুত্বারোপ করা হয়।
দেশের দক্ষতা উন্নয়ন কার্যক্রমের এ্যাপেক্স বডি হিসেবে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর কার্যক্রমকে আরো জোরদার করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ)-এর লেভেল ১ থেকে ৬ পর্যন্ত দক্ষতা সংশ্লিষ্ট সকল কারিকুলাম প্রণয়ন, প্রশিক্ষণ, অ্যাসেসমেন্ট ও সনদায়ন কার্যক্রম এনএসডিএ আইন ও বিধিমালা অনুসরণে পরিচালনার ওপর গুরুত্ব আরোপ করা হয়। এ লক্ষ্যে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়।
সভায় উল্লেখ করা হয় দক্ষতা সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ এনএসডিএ এবং কারিগরি শিক্ষার উপযুক্ত কর্তৃপক্ষ বিটিইবি। তাই এনএসডিএ আইন ও বিধিমালার সাথে কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) আইনে দক্ষতা সংশ্লিষ্ট বিদ্যমান দ্বৈততা ও অস্পষ্টতা দূরীকরণের লক্ষ্যে কারিগরি শিক্ষা বোর্ড (বিটিইবি) আইন সংশোধনের বিষয়ে এনএসডিএ এর গভর্নিং বোর্ড ও কার্যনির্বাহী কমিটি হতে ইতোপূর্বে প্রদত্ত নির্দেশনাসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য কারিগরি শিক্ষা বোর্ডকে পুন:নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি দায়িত্বের স্পষ্ট বিভাজন নিশ্চিত করে দক্ষতা ও কারিগরি শিক্ষার কার্যক্রমকে আরও কার্যকর করার ওপর জোর দেওয়া হয়।
আন্তর্জাতিক শ্রমবাজারে কর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণে দেশভিত্তিক চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা, পারস্পরিক স্বীকৃতি চুক্তি (এমআরএ) সম্পাদন এবং আন্তর্জাতিক মানসম্পন্ন সনদায়ন নিশ্চিত করার বিষয়েও গুরুত্বারোপ করা হয়। প্রশিক্ষণ ব্যবস্থাকে আরও সময়োপযোগী করতে কোর্স সমাপ্তির সাথে সাথেই অ্যাসেসমেন্ট সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়, যাতে প্রশিক্ষণ শেষে দ্রুত সনদ প্রদান নিশ্চিত করা যায়। একইসঙ্গে বিদেশে কর্মসংস্থানের জন্য পেশাগত দক্ষতার পাশাপাশি ভাষাগত ও আচরণগত প্রশিক্ষণের ওপর গুরুত্ব এবং জেলা পর্যায়ে ভাষা প্রশিক্ষণ সম্প্রসারণের প্রয়োজনীয়তা তুলে ধরা হয়। প্রবাসী কর্মীদের দক্ষতা উন্নয়ন ও সনদায়নের লক্ষ্যে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম চালুর সম্ভাবনা নিয়েও আলোচনা হয়।
দেশের ক্রমবর্ধমান শ্রমশক্তিকে দক্ষ মানবসম্পদে রূপান্তরের লক্ষ্যে বৃহৎ পরিসরে প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ, শিল্পখাতের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ প্রশিক্ষণ এবং ইন্ডাস্ট্রি-একাডেমিয়া সংযোগ জোরদারের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়।
এছাড়া, দক্ষতা উন্নয়ন কার্যক্রমে অর্থায়ন, প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন এবং মান নিয়ন্ত্রণে এনএসডিএ-এর ভূমিকা আরও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করা হয়। তথ্যপ্রযুক্তি খাতে অনলাইন ও সশরীরে (হাইব্রিড) প্রশিক্ষণ চালু এবং অ্যাসেসমেন্ট টুলস ব্যবস্থাপনায় প্রযুক্তিনির্ভর আধুনিক পদ্ধতি প্রবর্তনের বিষয়ে নীতিগত সম্মতি প্রদান করা হয়। সভায় সিদ্ধান্ত হয় যে, কার্যনির্বাহী কমিটি ও গভর্নিং বোর্ডের সভা নিয়মিত আয়োজনের মাধ্যমে নীতিগত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করা হবে। সভায় দেশের বিপুল জনশক্তিকে দক্ষ মানবসম্পদে রূপান্তর এবং টেকসই কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এনএসডিএ-এর নেতৃত্বে সকল মন্ত্রণালয়, বিভাগ ও সংস্থাকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

রংপুরকে মাদকমুক্ত করতে সাংবাদিকদের সহযোগিতা চাইলেন কমিশনার

রংপুর প্রতিনিধি

রংপুর মেট্রোপলিটন পুলিশের নবনিযুক্ত পুলিশ কমিশনার মোহাম্মদ আবদুল মাবুদ বলেছেন, রংপুরের অন্যতম প্রধান সমস্যা মাদক। এই সমস্যা শুধু রংপুরে নয়, সারা দেশেই বেড়ে গেছে। মাদকের সঙ্গে অন্যান্য অপরাধ যুক্ত হয়ে অপরাধ প্রবণতাও বাড়ছে। সাংবাদিকদের সহযোগিতা নিয়ে রংপুরকে মাদকমুক্ত করতে কাজ করা হবে। গত সোমবার সন্ধ্যায় মহানগর পুলিশ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, রংপুরে মাদকের পাশাপাশি চুরি-ছিনতাই ও যানজট উল্লেখযোগ্য সমস্যা। প্রায়ই চুরি-ছিনতাইয়ের ঘটনা শোনা যায়। এসব অপরাধ দমনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে এবং নগরীকে নিরাপদ রাখতে পুলিশ কাজ করবে। পাশাপাশি নগরীতে অটোরিকশার দৌরাত্ম্য রয়েছে, যা নিয়ন্ত্রণে অবৈধ অটোরিকশা চলাচলের বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে। কমিশনার বলেন, রংপুর একটি শান্তির শহর। এখানকার মানুষ সহজ-সরল। পুলিশের টিম গঠন করে সমন্বিতভাবে কাজের মাধ্যমে অপরাধ দমন করে নগরবাসীর নিরাপত্তা নিশ্চিত করা হবে। এ সময় তিনি সাংবাদিকদের কাছে দীর্ঘ ১৮ বছর পদোন্নতি বঞ্চিত থাকার অভিজ্ঞতা তুলে ধরেন এবং দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে সবার সহযোগিতায় দায়িত্ব পালনের প্রত্যাশা ব্যক্ত করেন। মতবিনিময় সভায় আরও বক্তব্য দেন রংপুর সাংবাদিক ইউনিয়নের সভাপতি সালেকুজ্জামান সালেক, সিনিয়র সাংবাদিক মাহবুবার রহমান হাবু, সিটি প্রেসক্লাবের সভাপতি স্বপন চৌধুরী, সাধারণ সম্পাদক হুমায়ুন কবীর মানিক, সিনিয়র সাংবাদিক বাবলু নাগ প্রমুখ। এসময় পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং বিভিন্ন গণমাধ্যমে কর্মরত সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

পিপিবিপিসি ও বিপিওএফএমইএ-এর যৌথ উদ্যোগে অনলাইন ভ্যাট নিবন্ধন ও রিটার্ন দাখিল বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা

নিজস্ব প্রতিবেদক

দেশের পেট ফ্ল্যাক্স সহ ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায়ী,উদ্যোক্তাদের কাজের মধ্যে স্বচ্ছতা ও নিরাপদ করার লক্ষে অনলাইনে ভ্যাট নিবন্ধন ও রিটার্ন দাখিলে উদ্বুদ্ধ করতে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। গতকাল বুধবার বাংলাদেশ পেট ফ্লেক্স ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনের সেমিনার কক্ষে প্লাস্টিক প্রোডাক্টস বিজনেস প্রমোশন কাউন্সিল (পিপিবিপিসি) ও বাংলাদেশ পেট ফ্লেক্স ম্যানুফ্যাকচারিং এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিপিএফএমইএ)এর যৌথ উদ্যোগে এই সেমিনার অনুষ্ঠিত হয়।
বাংলাদেশ পেট ফ্লেক্স ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন সভাপতি আলহাজ্ব মজিবুর রহমান চৌধুরী ইমন এর সভাপতিত্বে এবারের সেমিনারের মূল প্রতিপাদ্য বিষয় ছিল “Workshop on Online VAT Registration and Monthly Return Submission” সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভ্যাট কনসালট্যান্ট এসোসিয়েশন অব বাংলাদেশ এর সাবেক প্রেসিডেন্ট ও পলিসি উইং বাংলাদেশ ভ্যাট প্রফেশনাল ফোরামের আহ্বায়ক মোঃ আরশেদ আলী।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কয়ার একাডেমি স্কুল ও জুলকারনাইন হাফেজিয়া মাদ্রাসার প্রতিষ্ঠাতা মোঃ শফিকুল ইসলাম চঞ্চল, জিটিভি’র সিনিয়র ভিজ্যুয়াল স্টোরিটেলার লুৎফর রহমান লিটন ও বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের পক্ষে প্লাস্টিক প্রোডাক্টস বিজনেস প্রমোশন কাউন্সিলের কর্মকর্তা রোকন আহমেদ প্রমূখ। প্রশিক্ষণ কর্মশালায় দেশের বিভিন্ন অঞ্চলের পেট ফ্লেক্স রপ্তানিকারকদের প্রতিনিধি ৪০ জনের অধিক অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।এই কর্মশালার মূল উদ্দেশ্য ছিল অনলাইন ভ্যাট নিবন্ধন প্রক্রিয়া সহজ করা,ভ্যাট ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি করা এবং মাসিক ভ্যাট রিটার্ন যথাযথভাবে দাখিলের বিষয়ে বাস্তবভিত্তিক দিকনির্দেশনা প্রদান।
আলোচকরা ডিজিটাল ভ্যাট ব্যবস্থাপনা ব্যবসায়িক কার্যক্রমকে আরও গতিশীল,স্বচ্ছ এবং সময়োপযোগী করে সঠিকভাবে ভ্যাট নিবন্ধন ও রিটার্ন দাখিলের মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধি পাওয়ার পাশাপাশি রপ্তানিমুখী শিল্প খাত আরও প্রতিযোগিতামূলক করে তুলতে সরকারের প্রতি আহ্বান জানান।
পাশাপাশি বাণিজ্য মন্ত্রণালয়ের বার্ষিক রপ্তানি বৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনে লক্ষ্যে এ ধরনের প্রশিক্ষণ কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে অভিমত ব্যক্ত করেন।এবং সংশ্লিষ্টদের নিয়মিত এ ধরনের উদ্যোগ গ্রহণের মাধ্যমে উদ্যোক্তাদের ভ্যাট সংক্রান্ত জটিলতা কাটিয়ে উঠে আন্তর্জাতিক বাজারে নিজেদের অবস্থান আরও সুদৃঢ়? করতে প্রশিক্ষণ কর্মশালা অব্যাহত রাখার আহ্বান জানান।